

ডগবানের গল্প

চলো তোমায় ডগবানের গল্প বলি

স্নাত মহাকাশ তেরো যুগ পরে কোন
এক কল্প দেশের গল্প বলি শোন,
সম্পর্কের নানান বেড়া জালে ডরা
তোমার আমার মতই ছিল যেন তারা।

চলো তোমায় তাদের কথা বলি
চলো তোমায় ডগবানের গল্প বলি।

তুমি যা পাওনি তাইতো অসুখী হয়েছে এ ধরাধাম
সেই সুখ ছিল প্রতিদে সেথা ছিল সেথা অবিরাম
বৈধ অবৈধ সেথা নানান প্রেমলীলা ছলে
খুব চেনা চেনা যেন একই স্নেহেথা বলে

চলো তোমায় সেই কথাগুলি বলি
চলো তোমায় ডগবানের গল্প বলি।

এধরা ভেজে প্রতি প্রতি পলে তোমারই চোখের জলে
নিস্তার পেতে রচেছো গল্প তোমারই কল্পজালে
তুমি কাপুরুষ এধরায় তুমি বারবার পরাজিত
অসুর নিধনের এ স্মরণ তাই তোমারই কল্পজাত

চলো তোমায় সেই কল্পনার কথা বলি
চলো তোমায় ডগবানের গল্প বলি

প্রতিদিন হেথা মৃত্যু মিছিলে ডরেছে এধরাভূমি
অমর করিতে মৃত্যুরে সেথা মৃত্যু দিয়েছো তুমি
তুমিই রচেছো স্বর্গছবি না পাওয়া স্বপ্ন দিয়ে
তোমারই স্বপ্ন জন্ম নিয়েছে ডগবান রূপ নিয়ে।

চলো তোমায় সেই স্রষ্টার কথা বলি
চলো তোমায় তোমারই গল্প বলি।

#####

উত্তরায়ণ দেব

১১ই জুলাই, ২০১০ / কলকাতা